হাওড় জীবনের কথা

A pictorial newsletter published by FSUP-H Project, CARE, funded by the European Union

ফুড সিকিউরিটি ফর দা আলট্রা পুওর ইন হাওড় প্রজেক্ট, কেয়ার বাংলাদেশ।

Women Empowerment Issue, July 2012

কাজলের দৃষ্টিভঙ্গি যেভাবে পরিবর্তন হলো.....

European Union

This project is funded by the European Union

This project is implemented by CARE and its partners

The views expressed in this publication do not necessarily reflect the views of the European Union

এরপর একদিন কাজলের সাথে রফিক ভাইয়ের দেখা হয়।

কি ব্যাপার কাজল, মন খারাপ?

রফিক ভাই কাজলকে ইভিইএম ফোরামের মিটিং এ নিয়ে যায়।

কাজল ইভিইএম ফোরামে "আর্থিক ও সামাজিক উন্নয়নে নারীর ভূমিকা ও গুরুত্ব" বুঝতে পারে।

তোমার তো আজ একতা দলের মিটিং আছে। কখন যাইবা?

এতদিন হেলেনার সাথে যে ব্যবহার করেছি তা ঠিক হয় নাই। হেলেনা সংসারের ভালোর জন্য অনেক পরিশ্রম করে।

কাজল আর হেলেনার পরিবার এখন নির্যাতনমুক্ত। ওরা অনেক ভালো আছে।

কাজল এখন ইভিইএম ফোরামের সদস্য। সেখানে ট্রেইনিং পাবার পর সে বুঝতে পারে নারী নির্যাতন করা খুবই খারাপ কাজ। এতদিন সে হেলেনার সাথে যে খারাপ ব্যবহার করতো তা ঠিক হয়নি। কাজল বলে- নারীরা আসলে সংসারের ভালোর জন্য অনেক পরিশ্রম করে। এমনকি পুরুষের চাইতেও বেশি কাজ করে। কিন্তু পুরুষরা তা বুঝতে পারে না। কাজলের বউ হেলেনাও একতা ফোরামের সদস্য। দুই ছেলে আর এক মেয়ে নিয়ে তাদের এখন সুখের সংসার। বড় ছেলে দুটো স্কুলে যায়। মেয়ে বড় হলে তাকেও স্কুলে ভর্তি করাবে।

বাল্য বিবাহ কতটা খারাপ হতে পারে নিজের জীবনে চরম মূল্য দিয়ে তা শিখেছে কুলসুম আর কাদের। মাত্র ১১ বছর বয়সে বিয়ে হয় কুলসুমের। বিয়ে কি বুঝতে না বুঝতেই মা হতে শুরু করে। অপুষ্টি আর অভাবে কিছুদিনের মধ্যেই তার স্বাস্থ্য ভেঙ্গে পড়ে। স্বামীও কুলসুমের প্রতি আগ্রহ হারিয়ে ফেলে। এ অবস্থায় কেয়ারের একতা দলের আলোচনা আর ট্রেইনিং কুলসুমকে আত্ম বিশ্বাসী করে তোলে। তারপর স্বামী কাদেরকেও ইইভইএম ফোরামে ট্রেইনিং নিতে উদ্বুদ্ধ করে। ট্রেইনিং নেবার পর কাদের এখন বুঝছে বাল্য বিবাহ সমাজের জন্য অভিশাপ।

১৮ বছর বয়সের আগে মেয়ের বিয়ে দেবে না কুলসুম আর কাদের....

একদিন কুলসুম গ্রামের একতা দলে যায়।
সেখানে আলোচনা শোনে ।

কুলসুম কাদেরকে নিয়ে ইভিইএম ফোরামে যায়।

ওখানে যে আলোচনা হচ্ছে
তা একটু শোন।

কাদের ইভিইএম ফোরামে আলোচনা শোনে,
আর বাল্য বিবাহের কুফল বুঝতে পারে।

ধীরে ধীরে কাদের কুলসুমের সাথে
ভাল ব্যবহার করতে থাকে।

কুলসুম আর কাদের মিলে সিদ্ধান্ত নেয়-
তাদের কন্যা সন্তানের বয়স
কমপক্ষে ১৮ না হলে বিয়ে দেবে না।

অন্য নারীটি একদিন চলে যায়।

আমি এতদিন ভুল করেছি।
আর হবে না।

This pictorial newsletter is designed to visually highlight real stories of change from the Food Security for the Ultra-Poor Project. It is hoped these stories will inspire others to discuss, learn and think about how they can make small changes to improve their lives.

Stroy, script development, drawing and design by Rezaul Hoque Liton. vad.dhaka@yahoo.com